

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৮০

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৩০. কোন্ মু’মিন উত্তম

بَابُ أَيُّ الْمُؤْمِنِينَ خَيْرٌ

আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا زُهَيرٌ عَنْ عَلَيِّ بْنِ زَيْدِ بْنِ جُدْعَانَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرَةَ عَنْ أَبِي بَكْرَةَ أَنَّ رَجُلًا قَالَ يَا رَسُولَ اللَّهِ أَيُّ النَّاسِ خَيْرٌ قَالَ مَنْ طَالَ عُمُرُهُ وَحَسْنَ عَمَلُهُ قَالَ فَأَيُّ النَّاسِ شَرٌ قَالَ مَنْ طَالَ عُمُرُهُ وَسَاءَ عَمَلُهُ

বাংলা

২৭৮০. আবু বকরা রাদিয়ান্নাহ আনহু থেকে বর্ণিত যে, এক ব্যক্তি বললঃ ইয়া রাসূলুন্নাহ সান্নাহ্নাহ আলাইহি ওয়াসান্নাম, সবচেয়ে উত্তম লোক কে?

তিনি বললেনঃ “যার জীবনকাল দীর্ঘ এবং আমল উত্তম হয়।”

লোকটি বললঃ সবচেয়ে মন্দ লোক কে? তিনি বললেনঃ “যার জীবনকাল দীর্ঘ এবং আমল মন্দ হয়।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১৩/২৫৬ নং ১৬২৭১; আহমাদ ৫/৮০, ৮৩, ৮৭, ৮৮, ৮৯, ৫০; তিরমিয়ী, যুহু ২৩৩১; তাবারাণী, সগীর ২/২০; হাকিম ১/৩৩৯; বাইহাকী, জানাইয ৩/১৭১।

আমরা বলছি: এ সনদটি সহীহ;

এর শাহিদ হাদীস রয়েছে আব্দুন্নাহ ইবনু বুসর রাদিয়ান্নাহ আনহু হতে যার সনদগুলি উল্লেখ করেছি সহীহ ইবনু হিকুন নং ২৯৮১ ও মাওয়ারিদুয় যাম’আন নং ১৯১৯ ও ২৪৬৫।

এর অপর শাহিদ হাদীস রয়েছে আবী হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে যার পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিবান নং ২৯৮১ ও মাওয়ারিদুয় যাম'আন নং ১৯১৯ ও ২৪৬৫।

এর অপর শাহিদ হাদীস রয়েছে জাবির রাদিয়াল্লাহু আনহু হতে হাকিম ১/৩৩৯; বাইহাকী, জানাইয ৩/৩৭১;

এর অপর শাহিদ হাদীস রয়েছে আনাস রাদিয়াল্লাহু আনহু হতে যার পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৩৪৯৬ তে।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু বাকরা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83065>

�� হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন